গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
পুঠিয়া, রাজশাহী
fisheries.puthia.rajshahi.gov.bd

স্মারক নং-৩৩.০২.৮১৮২.৫০১.৫৮.০০৩.২১.২৫ | তারিখ: ২৮ চৈত্র ১৪৩০ব.
১১ এপ্রিল ২০২৩খ্রি.

## সেবা প্রদান প্রতিশুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ ৪র্থ সভার নোটিশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-২০২২-২০২৩ বাস্তবায়নের অংশ হিসাবে আগামী ১৩ এপ্রিল ২০২৩ রোজ বৃহস্পতিবার সকাল ১২.০০ ঘটিকায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহীর অফিস কক্ষে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী মহোদয়ের সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ ৪র্থ সভা অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: বেনজির আহমেদ )
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।
টেলিফোন: ০২৫৮৮৮৬৮৬০৪
Email: sufoputhia@fisheries.gov.bd

স্মারক নং-৩৩.০২.৮১৮২.৫০১.৫৮.০০৩.২১.২৫ | তারিখ: ২৮ চৈত্র ১৪৩০ব.
১১ এপ্রিল ২০২৩খ্রি.

সদয় অবগতি ও কার্যাথে অনুলিপি প্রেরণ করা হলো:
০১। জেলা মৎস্য অফিসার, রাজশাহী।
০২। ক্ষেত্র সহকারী/ক্ষেত্র সহকারী (এনএটিপি-২)/অফিস সহকারী, অত্র দপ্তর, পুঠিয়া, রাজশাহী
০৩। দপ্তর নথি।

(মো: বেনজির আহমেদ )
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।

পরিশিষ্ট "ক"

## সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ ৪র্থ সভায় উপস্থিতির বিবরণী

সভাপতি: জনাব মো: বেনজির আহমেদ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী।

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী।

সভার তারিখ: ১৩/০৪/২০২৩ খ্রি:।  সময়: সকাল ১২.০০ ঘটিকা।

সভায় অংশগ্রহণকারীর বিবরণী ও হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবী | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: বেনজির আহমেদ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | [স্বাক্ষর] |
| ০২ | জনাব মো: নুরে আলম, খামার ব্যবস্থাপক | মৎস্য বীজ উৎপাদন খামার, পুঠিয়া, রাজশাহী। | [স্বাক্ষর] |
| ০৩ | জনাব মো: ফেরদৌস ওয়াহিদ, ক্ষেত্রসহকারী | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | [স্বাক্ষর] |
| ০৪ | জনাব ফাতিহা শারমিন, ক্ষেত্রসহকারী (এনএটিপি-২ প্রকল্প) | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | ফাতিহা |
| ০৫ | জনাব মো: নুর এ আলম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | [স্বাক্ষর] |
| ০৬ | জনাব শ্রী রিপন কুমার সাহা, অফিস সহায়ক | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | রিপন কুমার সাহা |
| ০৭ | শ্রী সুবল চন্দ্র হালদার, মৎস্যজীবী | পুঠিয়া, রাজশাহী। | সুবল চন্দ্র |
| ০৮ | মো: শহিদুল ইসলাম, মৎস্যজীবী | বিদিরপুর, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | শহিদুল |
| ০৯ | মো: মোজাফ্ফর হোসেন, মৎস্য চাষী | উদনপুর, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | মোজাফফর |
| ১০ | মো: আনোয়ার হোসেন, মৎস্য চাষী | কৃষ্ণপুর, পুঠিয়া, রাজশাহী। | |
| ১১ | মো: আব্দুল গাফ্ফার রিপন, মৎস্য খাদ্য বিক্রেতা | মাইপাড়া, বানেশ্বর, পুঠিয়া, রাজশাহী। | রিপন |
| ১২ | মো: শফিকুল ইসলাম, মৎস্য খাদ্য বিক্রেতা | রাজবাড়ি বাজার, পুঠিয়া, রাজশাহী। | শফিকুল |
| ১৩ | মো: আতাউর রহামন, মৎস্য হ্যাচারী মালিক | তেবাড়িয়া, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | আতাউর |
| ১৪ | মো: আজিজুর রহমান দুলাল, মৎস্য আড়ৎদার | পুঠিয়া মৎস্য আড়ৎ, পুঠিয়া, রাজশাহী। | আজিজুর |
| ১৫ | মো: আইয়ুব আলী, মৎস্য আড়ৎদার | মোল্লাপাড়া মৎস্য আড়ৎ, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | |
| ১৬ | মোহাম্মদ আলী, সাংবাদিক | বানেশ্বর, পুঠিয়া, রাজশাহী। | |

[স্বাক্ষর]
১৩/০৪/২৩
(মো: বেনজির আহমেদ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।

# সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ ৪র্থ সভার কার্যবিবরণী

অর্থ বছর: ২০২২-২০২৩খ্রি.

সভাপতি: জনাব মো: বেনজির আহমেদ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী।

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী।

সভার তারিখ: ১৩/০৪/২০২৩ খ্রি. সময়: সকাল ১২.০০ ঘটিকা।

সভার আলোচ্য বিষয়:

০১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহীর দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (নাগরিক সনদ) সম্পর্কে আলোচনা।

০২। সেবা প্রাপ্তি/প্রদান পদ্ধতি বিষয়ক আলোচনা।

০৩। বিবিধ।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব জনাব মো: ফেরদৌস ওয়াহিদ, ক্ষেত্রসহকারী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহীকে সভার আলোচনা আরম্ভ করার অনুমতি প্রদান করেন। সদস্য সচিব সভায় জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বা নাগরিক সনদ বা সিটিজেন চার্টার অনেক দেয়ালে টাঙ্গানো হলেও বিষয়টি সকলের নিকট স্পষ্ট বা পরিষ্কার নয়। এ বিষয়ে ৩য় সভায় ধারনা প্রদান করা হবে। অধিকতর উপলব্ধির জন্য এ বিষয়ে ধারনা প্রদানের জন্য সদস্য সচিব সভাপতিকে অনুরোধ জানান।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহীর দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (নাগরিক সনদ) সম্পর্কে আলোচনা:**<br>সভাপতি আলোচনার সূত্রপাত করেন এবং বলেন যে, বাংলাদেশ একটি গণপ্রজাতন্ত্রী রাষ্ট্র। রাষ্ট্রের জনগণের জীবনমান উন্নয়ন যে কোন স্বাধীন, কল্যাণকর রাষ্ট্রের বৈশিষ্ট্য। ১৯৭১ সালে স্বাধীনতা লাভের পর রচিত সংবিধানের ২১ (২) ধারাতে বর্ণিত আছে "সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য"। সরকারি কর্মচারীগণ আন্তরিকতার সাথে সেবা প্রদান করলে জনগন উপকৃত হবেন। কিন্তু স্বেচ্ছাচারিতার সাথে সেবা প্রদান করলে সেবার মান কাঙ্খিত হবে না এবং জনগণ সন্তুষ্টও হবে না। জনগণের ক্রমবর্ধমান ও পরিবর্তনশীল চাহিদা মেটাতে Public Administration Reforms Committee (PARC) -২০০০ সালে সরকারি দপ্তরে নাগরিক সনদ/সিটিজেন চার্টার স্থাপনের সুপারিশ করে। বিভিন্ন সরকারি দপ্তর কর্তৃক সেবা প্রত্যাশীদের জন্য সেবা প্রদান সম্পর্কিত লিখিত প্রতিশ্রুতিই হলো সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেন চার্টার। এটি এমন একটি সনদ যার মাধ্যমে সরকারি দপ্তর কি কি সেবা প্রদান করে, কিভাবে প্রদান করে, সেবা প্রদানের সময়সীমা, সেবা মূল্য, কাঙ্খিত সেবা না পেলে অভিযোগ দায়ের পদ্ধতি ও নিষ্পত্তির বর্ণনা থাকে। এর মাধ্যমে জনগণ কাঙ্খিত সেবা পেয়ে উপকৃত হন এবং সরকারি কর্মচারী সেবা প্রদানের মাধ্যমে তার কর্মসম্পদন মূল্যায়ন করতে পারে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী মৎস্য সম্পদের সংরক্ষণ, প্রযুক্তির সম্প্রসারণ, মৎস্য উৎপাদন বৃদ্ধি, মৎস্যজীবী ও সংশ্লিষ্টদের জীবনমান উন্নয়নে কাজ করে থাকে। এ বিষয় সংশ্লিষ্ট একটি সিটিজেন চার্টার অত্র দপ্তর প্রণয়ন করেছে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহীর দপ্তরের বারান্দায় সরকারি নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার বা নাগরিক সনদ স্থাপন করা হয়েছে। সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে তিনি সিটিজেন চার্টার পাঠ করে বর্ণনা মোতাবেক সেবা গ্রহণের অনুরোধ জানান। | অংশগ্রহণকারী ও আগ্রহী সুফলভোগীগণ |

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০২ | **সেবা প্রাপ্তি/প্রদান পদ্ধতি বিষয়ক আলোচনা:**<br>সদস্য সচিব সভাকে জানান যে, বার্ষিক কর্মসম্পদান চুক্তি ২০২২-২৩ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ১.৪ নং ক্রমিকের নির্দেশনামতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিত করতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের কয়েক উপায়ে জানানো যায়। যেমন-<br>০১। সেবা প্রদান প্রতিশ্রুতি চার্ট দৃশ্যমান স্থানে টাঙ্গিয়ে দিয়ে।<br>০২। সেবা প্রদান প্রতিশ্রুতির লিফলেট বিতরণের মাধ্যমে।<br>০৩। সেবা প্রদান প্রতিশ্রুতির পোস্টার টাঙ্গিয়ে।<br>০৪। সেবা প্রদান প্রতিশ্রুতির পিডিএফ ডকুমেন্ট ওয়েব পোর্টাল, ফেসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড করে।<br>০৫। বিভিন্ন সভা সেমিনারে আলোচনার মাধ্যমে। ইত্যাদি।<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি: সিনিয়র উপজেলা মৎস্য দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি দপ্তরের বারান্দায় কম্পিউটার Print করে ৮.৫ ফিট *৪.০ ফিট মাপের ফলকে সুস্পষ্ট ও দৃশ্যমান হরফে আটকানো আছে। উক্ত সনদে নাগরিক সেবা, দাপ্তরিক সেবা ও অভ্যন্তরীণ সেবা পৃথক পৃথকভাবে বর্ণিত আছে। এছাড়া দপ্তরের Web Portal-fisheries.puthia.rajshahi.gov.bd তে আপলোড করা আছে। পুঠিয়া উপজেলার মৎস্য চাষ ও মৎস্য সংশ্লিষ্ট পেশার বা যে কোন জনগণ তার কাঙ্খিত সেবাটি নাগরিক সনদ ফলক ও Web Portal থেকে পাঠ করে জেনে নিতে পারিবেন। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহীর দপ্তরের বারান্দায় সরকারি নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার বা নাগরিক সনদ স্থাপন করা হয়েছে। সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে তিনি সিটিজেন চার্টার পাঠ করে বর্ণনা মোতাবেক সেবা গ্রহণের অনুরোধ জানান। | অংশগ্রহণকারী ও আগ্রহী সুফলভোগীগণ |
| ০৩ | **বিবিধ:** সভাপতি বলেন যে, সরকারের বিভিন্ন উন্নয়নমুখী উদ্যোগকে সফল করার জন্য দপ্তরের সকল কর্মীকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সেবা প্রদান প্রতিশ্রুতি, জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সরকারের নির্বাচনী ইশতেহার, টেকসই উন্নয়ন অভীষ্ট, প্রেক্ষিত পরিকল্পনা-২০৪১ প্রভৃতি বিষয় অধ্যয়ন করে অনুধাবন করতে হবে। সেভাবে সরকারের কর্মপরিকল্পনা বাস্তবায়নে জনসম্পৃক্ততা বাড়িয়ে সেবা প্রদান করতে হবে।<br><br>সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হলো। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সকল কর্মী ও সেবা গ্রহীতাকে আন্তরিক হতে হবে। | দপ্তরের সকল কর্মী। |

১৩/০৪/২৩

(মো: বেনজির আহমেদ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।